কালের কণ্ঠ ০২.০৮.১৭

কোটি মানুষ কাজ পাবে অর্থনৈতিক অঞ্চলে

নিজস্ব প্রতিবেদক ▷

শ্রমিক থেকে শুরু করে কর্মকর্তা পর্যন্ত সব স্তরের কর্মসংস্থানের সুযোগ তৈরি হচ্ছে দেশের অর্থনৈতিক অঞ্চলগুলোতে। বাংলাদেশ উন্নয়নশীল দেশের কাতারে যাওয়ার পথে কর্মসংস্থানের বড় ক্ষেত্র হতে পারে অর্থনৈতিক অঞ্চল। বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের (বেজা) সর্বশেষ তথ্য অনুযায়ী, দেশের অর্থনৈতিক অঞ্চলগুলোতে এখন পর্যন্ত ১০ হাজার মানুষের কর্মসংস্থান হয়েছে। এর মধ্যে যেমন আছে শ্রমিক, তেমনি আছে ঊর্ধ্বতন ও বিপণন কর্মকর্তাও। আগামী ১৫ বছরে সারা দেশে ১০০টি অর্থনৈতিক অঞ্চলে এক কোটি মানুষের কর্মসংস্থান হবে বলে আশা করছে বেজা।

বেজার তথ্য বলছে, নারায়ণগঞ্জের সোনারগাঁয় ৮৩ একর জমির ওপর প্রতিষ্ঠিত আমান অর্থনৈতিক অঞ্চলে এখন পর্যন্ত তিন হাজার ১০০ মানুষের কর্মসংস্থান হয়েছে। এর মধ্যে দুই হাজার শ্রমিক। এর পাশাপাশি সিনিয়র অফিসার, মার্কেটিং অফিসার পদেও কর্মসংস্থানের সুযোগ তৈরি হয়েছে। আমান গ্রুপের নির্বাহী পরিচালক রুবিউল হক কালের কণ্ঠকে বলেন, 'আমাদের অর্থনৈতিক অঞ্চলে সিমেন্ট, প্যাকেজিং ও জাহাজ বানানোর কাজ শুরু হয়েছে। পুরো এলাকায় অর্থনৈতিক প্রাণসঞ্চার ঘটেছে।'

বেজার তথ্য বলছে, মেঘনা অর্থনৈতিক অঞ্চলে এখন পর্যন্ত আড়াই হাজার মানুষের কর্মসংস্থান হয়েছে। আকিজ অর্থনৈতিক অঞ্চলে হয়েছে প্রায় এক হাজার মানুষের।

▶▶ বিশেষ পৃষ্ঠা ৩ ক. ৫